# বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি

স্মারক নং-২২৭/ক/শিম/২০১২(কলেজ)/১৪৮৮

তারিখঃ ১৫/০৯/২০২৫

## জরুরি বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে সর্বশেষ ৪র্থ পর্যায়ে online এর মাধ্যমে ভর্তির আবেদন, ফল প্রকাশ, নিশ্চায়ন ও কলেজে ভর্তির সময়সীমা বৃদ্ধি প্রসঙ্গে।**

শিক্ষার্থী,অভিভাবক ও বিভিন্ন কলেজের অধ্যক্ষগণের আবেদনের প্রেক্ষিতে ২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে online এর মাধ্যমে ভর্তির লক্ষ্যে সময়সীমা বৃদ্ধি করা হলো। আবেদন পদ্ধতি শিক্ষা বোর্ডসমূহের নির্ধারিত ভর্তি ওয়েবসাইট:(**https://www.xiclassadmission.gov.bd**) তে প্রদত্ত পূর্ণাঙ্গ নির্দেশিকা অনুসরণ করতে হবে। **সংশ্লিষ্ট শিক্ষার্থী ও অভিভাবকদের কলেজে বিদ্যমান আসন সংখ্যা দেখে সর্বনিম্ন ০৫(পাঁচ) টি এবং সর্বোচ্চ ১০(দশ) টি কলেজে আবেদন করতে হবে।**

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে যে সকল শিক্ষার্থী আবেদন করতে পারবেঃ**

১। যে সকল শিক্ষার্থী পূর্বে আবেদন করেনি বা আবেদন করে কলেজ সিলেকশন পায়নি;
২। যে সকল শিক্ষার্থী চূড়ান্ত মনোনয়ন পেয়েছে কিন্তু কোন কারণে কলেজে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে পারেনি কিংবা নিশ্চায়ন করতে পারেনি;

**২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে (সর্বশেষ) ৪র্থ ধাপে online এর মাধ্যমে ভর্তির জন্য নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুসরণ করতে হবেঃ**

| ক্রমিক | বিষয় | তারিখ |
|---|---|---|
| ১ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদন গ্রহণ | ২১/০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২২/০৯/২০২৫ (সোমবার রাত ১০:০০ টা পর্যন্ত) |
| ২ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের আবেদনের ফল প্রকাশ | ২৪ /০৯/২০২৫ (বুধবার রাত ৮:০০ টায়) |
| ৩ | ৪র্থ (সর্বশেষ) পর্যায়ের শিক্ষার্থীর Selection নিশ্চায়ন | ২৫/০৯/২০২৫ (বৃহস্পতিবার) থেকে<br>২৬/০৯/২০২৫ (শুক্রবার রাত ৮:০০ পর্যন্ত) |
| ৪ | কলেজে ভর্তি | ২৮ /০৯/২০২৫ (রবিবার) থেকে<br>২৯/০৯/২০২৫ (সোমবার পর্যন্ত) |

**বিঃদ্রঃ উল্লেখ্য, "২০২৫-২০২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা-২০২৫" অনুসরণপূর্বক অনলাইন ব্যতীত ম্যানুয়ালী কোন ভর্তি করা হবে না। এ বিষয়ে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান, অভিভাবক ও শিক্ষার্থীদের পুনরায় অবহিত করা যাচ্ছে।**

15.9.2025

**প্রফেসর ড. খন্দোকার এহসানুল কবির**
সভাপতি
বাংলাদেশ আন্তঃ শিক্ষা বোর্ড সমন্বয় কমিটি
ও
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।